

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৫১১

৮/ ঈদাইন বা দু' ঈদের সালাত (کتاب صلاة العدين)

পরিচ্ছেদঃ ৮/১. দু' ঈদে ঈদের মাঠে মহিলাদের গমন এবং পুরুষ থেকে দূরে থেকে খুবাহ শ্রবণ করার বর্ণনা।

ذكر إباحة خروج النساء في العيدين إلى المصلى وشهود الخطبة مفارقات للرجال

আরবী

حديث أُمِّ عَطِيَّةَ قَالَتْ: أُمِرْنَا أَنْ نُخْرِجَ الْحُيَّضَ، يَوْمَ الْعِيدَيْنِ، وَذَوَاتِ الْخُدُورِ، فَيَشْهَدْنَ جَمَاعَةَ الْمُسْلِمِينَ وَدَعْوَتَهُمْ، وَيَعْتَزِلُ الحُيَّضُ عَنْ مُصلَلَّهُن عَنْ مُصلَلَّهُن قَالَتِ امْرَأَةٌ: يَا رَسُولَ اللهِ إِحْدَانَا لَيْسَ لَهَا جِلْبَابٌ، قَالَ: لِتُلْبِسْهَا صَاحِبَتُهَا مِنْ جِلْبَابِهَا

বাংলা

৫১১. উন্মু 'আতিয়্যাহ (রাযি.) হতে রিওয়ায়াত হয়েছে, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঈদের দিবসে ঋতুবতী এবং পর্দানশীন নারীদের বের করে আনার আদেশ দিলেন, যাতে তারা মুসলিমদের জামা'আত ও দু'আয় অংশ গ্রহণ করতে পারে। অবশ্য ঋতুবতী নারীগণ সালাতের জায়গা হতে দূরে অবস্থান করবে। এক মহিলা বললেনঃ হে আল্লাহর রসূল! আমাদের কারো কারো ওড়না নেই। তিনি বললেনঃ তার সাথীর উচিত তাকে নিজের ওড়না পরিয়ে দেয়া।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৮ : সালাত, অধ্যায় ২, হাঃ ৩৫১; মুসলিম, পর্ব ৮ : ঈদাইন বা দু' ঈদের সালাত, অধ্যায় ১, হাঃ ৮৯০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উম্মু আতিয়্যাহ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন